Telephone Shilpa Sangstha Ltd.

# টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড

(ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান)

টঙ্গী, গাজীপুর-১৭১০, ফোন: +৮৮-০২-২২৪৪১০৭৭৯, ফ্যাক্স: +৮৮-০২-২২৪৪১২৭০০

ই-মেইল: mdtss@tss.com.bd, md.tssltd@gmail.com, ওয়েব সাইট: www.tss.gov.bd, www.tss.com.bd

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

উন্নত মান ও
বিশ্বস্ত সেবার পথিকৃত

স্মারক নং: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ | তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ

বিষয়ঃ **১১২+১২০০ লাইন বিশিষ্ট (Brand-Unify, Model-Openscape 4000, Origin-Germany) পিএবিএক্স সিস্টেম সরবরাহসহ স্থাপন ও চালুকরনের জন্য RFQ দরপত্র আহবান।**

প্রতি,

--------------

-------------

-------------

১. টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০ এর নিজস্ব তহবিল হতে মালামাল ক্রয়ের সিদ্ধান্তক্রমে এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২. কোটেশন "দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৩. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে। এ ক্ষেত্রে দরপত্রে স্বাক্ষরকারীর সপক্ষে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৫. **সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে [২৮.০৫.২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা]-এ বা এর পূর্বে কোটেশন ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টঙ্গী, গাজীপুর বরাবরে তাঁহার দপ্তরে রক্ষিত বক্সে দাখিল করতে হবে। কোটেশনের খামে "১১২+১২০০ লাইন বিশিষ্ট (Brand-Unify, Model-Openscape 4000, Origin-Germany) পিএবিএক্স সিস্টেম সরবরাহসহ স্থাপন ও চালুকরনের জন্য RFQ দরপত্র" -এর জন্য কোটেশন এবং [২৮.০৫.২০২৩ খ্রিঃ বিকাল ৩.৩০ ঘটিকা]-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং দরপত্রের খাম সঠিক ভাবে সিলগালা করে জমা প্রদান করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।**

৬. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৯০ **(নব্বই)** দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

৭. দাখিলের সর্বশেষ সময়সীমা ও তারিখ উত্তীর্ণের পরে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

৮. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

৯. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১০. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১১. দরপত্রে কারিগরি বিনির্দেশসহ Unit Price (BDT), Delivery Terms & Duration, Country of Origin উল্লেখ করতে হবে।

১২. দরপত্রে Payment Terms উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে Local L/C কে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৩. দরপত্রে উল্লেখিত যাবতীয় মালামাল স্পেসিফিকেশন অনুযায়ী সম্পূর্ণ নতুন, অব্যবহৃত ও প্রথম শ্রেণীর মান সম্পন্ন হতে হবে।

১৪. দরপত্রের সাথে Country of Origin & Manufacturer Certificate সংযুক্ত করতে হবে।

১৫. সরবরাহকারিকে Unify (Formerly Siemens) এর dealer/partner সম্পর্কিত উপযুক্ত Authorization Letter থাকতে হবে। এ ক্ষেত্রে বাংলাদেশে নিয়োজিত একক ডিলার বা কারিগরি সহযোগি প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৬. পিএবিএক্স সরবরাহ ও রক্ষণাবেক্ষণের বিষয়ে পূর্বঅভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমানক সংযুক্ত করতে হবে।

১৭. পিবিএক্স সিস্টেম এর জন্য কমপক্ষে ১৮ (আঠার) মাস Manufacturer Warranty প্রদান করতে হবে।

১৮. দরপত্রের সাথে মুদ্রিত বিবরন/প্রচারপত্র (**brochures**) সংযুক্ত করতে হবে।

১৯. উন্মুক্তকরণ কমিটি প্রাপ্ত দরপত্র নির্ধারিত সময়ে যদি কোন দরদাতা উপস্থিত থাকে তাহার সম্মুখে দরপ্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও প্রদত্ত দর উন্মুক্ত করবেন এবং যা পরবর্তীতে মূল্যায়ন কমিটির নিকট হস্তান্তর করবেন।

২০. মূল্যায়ন কমিটি সর্বনিম্ন দর ও কোটেশনের সঙ্গে চাহিদার প্রেক্ষিতে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন বিবেচনা করা হবে।

২১. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

২২. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ৬০ (ষাট) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। মালামাল সরবরাহ করতে বিলম্ব হলে প্রতি এক দিনের জন্য ০.৫% লিকুইডিটি ড্যামেজ কর্তন করা হবে।

২৩. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২২।০৫।২৩

---------------------------------

নাম: মোঃ মাইনুল হাসান
পদবি: উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও ক্রয়)
তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ
ঠিকানা: টেশিস মূল ভবন (৩য় তলা), টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০
ফোন নম্বর: ০১৫৫০১৫১৪৬১, ফ্যাক্সঃ ০২২২৪৪-১২৭০০
ই-মেইল- info@tss.com.bd /mdtss@tss.com.bd

**সংযুক্তিঃ RFQ(আরএফকিউ) দলিল**

**বিতরণ:**

১. সহঃ প্রোগ্রামার( সফটওয়ার ও এপস), টেশিস। (ওয়েবসাইটে পোস্ট করার জন্য) ।
২. টেশিস নোটিশ বোর্ড।
৩. দাপ্তরিক নথি।
৪. সরবরাহকারী বিভিন্ন প্রতিষ্ঠান।

**টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড,**
**টংগী, গাজীপুর-১৭১০।**

# কোটেশনের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের দলিল
(আরএফকিউ)
[অভ্যন্তরীণ ক্রয়]

**১১২+১২০০ লাইন বিশিষ্ট (Brand-Unify, Model-Openscape 4000, Origin-Germany) পিএবিএক্স সিস্টেম সরবরাহসহ স্থাপন ও চালুকরনের জন্য RFQ দরপত্র আহবান।**

স্মারক নং: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ

পিজি ১ (আরএফকিউ)

কোটেশন দাখিল পত্র

স্মারক নং: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ

**প্রতি**
**ব্যবস্থাপনা পরিচালক**
**টেলিফোন শিল্প সংস্থা লিঃ,**
**টঙ্গী, গাজীপুর-১৭১০।**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **[১১২+১২০০ লাইন বিশিষ্ট (Brand-Unify, Model-Openscape 4000, Origin-Germany) পিএবিএক্স সিস্টেম সরবরাহসহ স্থাপন ও চালুকরনের জন্য]** দর প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা *[-------------------/- কথায়ঃ-----------------]*

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **২২.০৫.২০২৩ খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

**<u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল</u>**

স্মারক নং: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমান | পরিমাপের একক | একক দর/মূল্য (ভ্যাট/ট্যাক্সসহ) | | মোট মূল্য (ভ্যাট/ট্যাক্সসহ) | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| 01 | 1. | **<u>112+1200 Line Capacity PABX System Configuration:</u>**<br>Brand: Unify **(Formerly Siemens),**<br>Model: Openscape 4000 **(Previously HiPath 4000),**<br>**Origin**: Germany, Manufacture: Germany<br>Includes –<br>Redundant in hot standby mode, 112xTrunk Line Interface, 1200xAnalog CLI Extension line interface, 2xOperator Console interface with Sets, 2xPC Based Operator Console interface Software, 1xDigital Operator interface Card for 24 line, 2xDigital Telephone Set for VIP, 8xAuto Attendant interface (In Build), 1x8 Party Conference Interface (In Build), With all required license, software etc., 64x MDF Cable Kit, Open-Ended Manufacturer Warranty: 18 Months. | 1 | System | | | | টেশিস, টঙ্গী গাজীপুর |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 02 | 1 | **<u>Spare Parts (Package Price)</u>**<br>(1) Analog CLI Extension line interface Card (24 line)- 08 Pcs,<br>(2) Digital Operator interface Card (24 line)-02 Pcs,<br>(3) Operator Console interface with Sets-02 Pcs,<br>(4) Power Supply Module-03 Pcs | 1 | Pkg | | | | টেশিস, টঙ্গী গাজীপুর |
| 03 | 1 | **<u>Installation, Testing and Commissioning etc.</u>**<br>(a)Transportation,<br>(b) Operator Training (4 ((Four) Days On Job Operator Training for 8 (Eight) Person with Training Allowances & Others))<br>(c) Technical Training (5 (Five) day Local Training for Assembling/Installing with Maintenance for 2 (Two) TSS Technical Personal with Training Allowances & Others )<br>(d) Installation & Commissioning etc. | 1 | Job | | | | টেশিস, টঙ্গী গাজীপুর |

| | | | |
|---|---|---|---|
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য**<br>**(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স** সহ; **নিম্নোক্ত ২নং নোট দেখুন)**<br>***Approximately (actual amount depends on actual work)** | অংকে | | |
| | কথায় | | |

| | |
|---|---|
| **পণ্য প্রেরণের ঠিকানাঃ** | **টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টংগী, গাজীপুর-১৭১০।** |
| মোট মূল্য টাকায় (কথায়) | *[উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]* |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের **তফশীলে [-----] টি** সংশোধ**ন** যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।**

আমার/আমাদের প্রস্তাব <u>দিন/মাস/বছর পর্যন্ত</u> **<u>বৈধ</u>** [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | |
| **কোটেশনদাতার নাম** | তারিখ: দিন/মাস/বছর |

**টীকা:**

১। কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। পণ্যের দর বা মূল্যে টেশিসের গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

স্মারক নং: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 01 | 1. | 112+1200 Line Capacity PABX System Configuration: Brand: Unify (Formerly Siemens), Model: Openscape 4000 (Previously HiPath 4000), Origin: Germany, Manufacture: Germany Includes – Redundant in hot standby mode, 112xTrunk Line Interface, 1200xAnalog CLI Extension line interface, 2xOperator Console interface with Sets, 2xPC Based Operator Console interface Software, 1xDigital Operator interface Card for 24 line, 2xDigital Telephone Set for VIP, 8xAuto Attendant interface (In Build), 1x8 Party Conference Interface (In Build), With all required license, software etc., 64x MDF Cable Kit, Open-Ended Manufacturer Warranty: 18 Months. | | | |
| 02 | 1 | **Spare Parts (Package Price)**<br>(1) Analog CLI Extension line interface Card (24 line)- 08 Pcs,<br>(2) Digital Operator interface Card (24 line)-02 Pcs,<br>(3) Operator Console interface with Sets-02 Pcs,<br>(4) Power Supply Module-03 Pcs | ১০০০ | টি | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: দিন/মাস/বছর |
| **কোটেশনদাতার নাম** | |

টীকা:

১. কলাম ৫ ও ৬ **কোটেশনদাতা** পূরণ করবে, (২) পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) টেশিসের প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (**brochures**) সংযুক্ত করবে।

[ক্রেতার নাম ও ঠিকানা এখানে যুক্ত করুন]

**পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ**

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

ক্রয় আদেশ নম্বর__________ **তারিখ:** / /

| | |
|---|---|
| RFQ নম্বর: ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.৩৪.২৩.০০৫ | তারিখ: ২২.০৫.২০২৩ খ্রিঃ |
| **প্রতি:**<br>[ *সরবরাহকারীর নাম ও ঠিকানা*] | |
| **সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন]** | **ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]** |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **[তারিখ উল্লেখ করুন]** তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী টেশিস এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ ও টেশিস আর্থিক ক্ষমতা আইন ২০১৭ প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে। মালামাল সরবরাহ করতে বিলম্ব হলে প্রতি এক দিনের জন্য ০.৫% লিকুইডিটি ড্যামেজ কর্তন করা হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় টেশিস বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. টেশিস কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, টেশিস সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে। টেশিস কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অগ্রিম (প্রযোজ্য ক্ষেত্রে) মূল্য পরিশোধের বিষয় বিবেচনা করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে] [কথায় ]**।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং টেশিস কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **[১৮(আঠারে) মাস]** ।

১৩. টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় টেশিসকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে টেশিসকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. টেশিস প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে। এছাড়া বিজ্ঞপ্তিতে উল্লেখিত অন্যান্য শর্তাবলী বলবৎ থাকবে।

১৯. টেশিস সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য টেশিস এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ এর বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| টেশিসের জন্য<br><br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
|---|---|
| তারিখ | তারিখ |